তুমি কি গো পিতা আমাদের ।
ওই-যে নেহারি মুখ অতুল স্নেহের ॥
ওই-যে নয়নে তব   অরুণকিরণ নব,
বিমল চরণতলে ফুল ফুটে প্রভাতের ॥
ওই কি স্নেহের রবে  ডাকিছ মোদের সবে ।
তোমার আসন ঘেরি দাঁড়াব কি কাছে গিয়া ।
হৃদয়ের ফুলগুলি  যতনে ফুটায়ে তুলি
দিবে কি বিমল করি প্রসাদসলিল দিয়া ॥

---

Parjaay: Puja O Prarthana, Taal: Tritaal, Raag: Ramkeli

Visit www.geetabitan.com for notation and other detail